

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-২ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৫৬২ (অংশ). ২০১২- ৩৩২২

তারিখঃ ২২-০৬-২০১৭খ্রিঃ

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৫৪৩৬/২০১২ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং- ৩৩/২০১৭ মোকদ্দমার রফা ও আরজি।


সূত্রঃ তাং-১৮/০৬/২০১৭ সহকারী রেজিষ্টার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত পত্র।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ০৮ (আট)টি প্রকল্পের ৬৫ (পয়ষট্টি) জন কর্মকর্তা/কর্মচারী তাদের চাকুরি রাজস্ব খাতে আত্মীকরণের জন্য মাননীয় সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত পিটিশনে ৩০-০৭-২০১৩ তারিখে রায় প্রদান করেন। উক্ত রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৩/২০১৭ দায়ের করা হয়। বর্ণিত কনটেম্পট পিটিশনে মাননীয় হাইকোর্ট বিভাগ ০৩-০৫-২০১৭ তারিখের আদেশে রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ এ প্রদত্ত ৩০-০৭-২০১৩ তারিখের রায় বাস্তবায়নের আদেশ দেন।

০২। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ এ প্রদত্ত রায় বাস্তবায়নের অগ্রগতি প্রেরণের জন্য কনটেম্পট পিটিশন নং-৩৩/২০১৭ এর ০৩-০৫-২০১৭ তারিখের আদেশের কপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ কনটেম্পট পিটিশনের কপি ----- ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব (আইন-২)  
১৫৪০৯৯৫

প্রধান প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

কাকরাইল, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। উপসচিব (পাস-১) শাখা, স্থানীয় সরকার বিভাগ (বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। অফিস কপি/মস্টার কপি।